গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) বহুমুখী পাটপণ্য উৎপাদন, ব্যবহার, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিগত ০৩ (তিন) বছরে জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা অর্জনের জন্য ১৩৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ১৬ টি সচেতনতা কর্মশালা, ৮ টি ক্রেতা- বিক্রেতা সম্মেলন, ৩৩ টি একক ও যৌথ মেলার আয়োজন করেছে । বহুমুখী পাটপণ্যের সকল সেবাকে উদ্যোক্তাদের কাছে সহজে পৌছানোর জন্য জামালপুরে ০১ টি জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) স্থাপন করা হয়েছে। বর্তমানে ২৮২ ধরনের বহুমুখী পাটপণ্য উৎপাদন হচ্ছে ও নতুন ৮০ জন উদ্যোক্তাসহ মোট ৮৮৫ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ যাতে একটি কেন্দ্র থেকে পছন্দমত বহুমুখী পাটপণ্য ক্রয় করতে পারে সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে। ঢাকার মতিঝিলস্থ করমি চেম্বারে স্থায়ী বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজনের ব্যবস্থা করা হয়েছে। বহুমুখী পাটপণ্য তৈরীর প্রয়োজনীয় কাঁচামাল উদ্যোক্তাদের সরবরাহের নিমিত্বে ০৫ টি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণ; মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রয়োজনীয় দক্ষ জনবল ও প্রযুক্তিগত জ্ঞানের অভাব; ডিজাইন উন্নয়ন ও গবেষণার জন্য প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা; ফেব্রিক্স উৎপাদনে আধুনিকমানের লুম ও ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরীর অভাব; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; জেডিপিসির কার্যক্রমকে ডিজিটালাইজডকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণের কার্যক্রম গ্রহণ; দক্ষ জনবল, বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে Need Based কর্মপরিকল্পনা প্রণয়ন; উন্নতমানের কাঁচামাল সরবরাহের লক্ষ্যে আধুনিকমানের ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরী স্থাপন; বহুমুখী পাটপণ্যের গবেষণার জন্য জেডিপিসিতে ল্যাব প্রতিষ্ঠাকরণের উদ্যোগ গ্রহণ; ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন। ই-মার্কেটিং চালুকরণ। জেডিপিসির কার্যক্রমকে পর্যায়ক্রমে ডিজিটালাইজকরণ

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য ৩১০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান;
- বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য ০৬ টি সচেতনতা/ উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন;
- বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য ০৩ টি একক মেলা, ০৭ টি যৌথ মেলা ও ০৬ টি মতবিনিময় সভা আয়োজন;
- মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদেরকে অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান;
- ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ ০২টি ও পণ্যের গুনগত মানউন্নয়ন প্রশিক্ষণ ০৩টি আয়োজন;
- ই-মার্কেটিং বিষয়ক ০৬ টি প্রশিক্ষণ ও পণ্যরে মূল্য নির্ধারণ ওয়ার্কশপ ০১ টি আয়োজন;
- এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক ০২ টি প্রশিক্ষণ/ওয়ার্কশপ আয়োজন;
- উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ বিষয়ক অংশীজন সভা ০৩ টি আয়োজন;
- বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী ৮০,০০০ গজ/মিটার কাঁচামাল সরবরাহ ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বহুমুখীকরণের মাধ্যমে পাটের ব্যবহার সম্প্রসারণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা প্রদান
২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহারে সহযোগিতা জোরদারকরণ;
৩. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা উন্নয়ন;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
২. বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা,ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন;
৩. বহুমুখী পাটপণ্যের যুগোউপযোগী ডিজাইন উন্নয়ন করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থা গ্রহণ;
৪. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদান;
৫. প্রদর্শণী ও বিক্রয় কেন্দ্রের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি ও বাজার সম্প্রসারণ;
৬. বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন;
৭. উদ্যোক্তাদের কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| বহুমুখী পাটপণ্যের বাজার সম্প্রসারণ | বহুমুখী পাটপণ্যের বাজার সম্প্রসারণে প্রবৃদ্ধি | % | ৩৩% | ৩৪% | ৬৬% | ৩৭% | ৩৮% | পাট গবেষণা ইন্সটিটিউট,এসএমই ফাউন্ডেশন বিসিক, বাংলাদেশ | জেডিপিসি ও জেইএসসির প্রতিবেদন |
| বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি | বহুমুখী পাটপণ্য ব্যবহারে প্রবৃদ্ধি | % | ২৪% | ২৬% | ২৭% | ২৮% | ২৯% | বানিজ্য মন্ত্রনালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন |
| বহুমুখী পাটপণ্য উৎপাদনে সহযোগিতা | বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রবৃদ্ধি | % | ১৮% | ১৯% | ২০% | ২১% | ২২% | বানিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা প্রদান | ৩০ | [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | সমষ্টি | সংখ্যা | ৭ | ২ | ৩ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৫ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৮ |
| | | [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.৪] বহুমুখী পাটপণ্যের মূল্য নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ | [১.৪.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ২ | ১ | ১ | | | ৩ | ৩ |
| | | [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৬ | ২ | | ২ | ১ | | | | ৩ | ৪ |
| | | [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচামাল | সমষ্টি | গজ | ৩ | ৫০০০০ | ৭৫০০০ | ৮০০০০ | ৭৫০০০ | ৭০০০০ | ৬৫০০০ | ৬০০০০ | ৮২০০০ | ৮৫০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [২] বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহারে সহযোগিতা জোরদারকরণ; | ৩০ | [২.১] সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৬ | ৪ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৮ | ৯ |
| | | [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত মতবিনিময় | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | [২.৪] উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ বিষয়ক অংশীজন সভা | [২.৪.১] আয়োজিত সভা | সমষ্টি | সংখ্যা | ৪ | | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [২.৫] বহুমুখী পাটপণ্যের প্রযুক্তি সরবরাহ বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা | [২.৫.১] আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ৫ | | ১ | ১ | | | | | ২ | ৩ |
| | | [২.৬] জুট জিও-টেক্সটাইলের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা কর্মশালা | [২.৬.১] আয়োজিত কর্মশালা | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ১ | | | | | ২ | ২ |
| | | [২.৭] উদ্যোক্তাদের অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজন | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা উন্নয়ন; | ১০ | [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | জন | ৩ | ২৮২ | ৩০০ | ৩১০ | ৩০০ | ২৯০ | ২৭০ | ২৬০ | ৩২০ | ৩৩০ |
| | | [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | ২ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | জন | ২ | ৩ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] আয়োজিত প্রশিক্ষণ/ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ২ | | ১ | ২ | ১ | | | | ২ | ৩ |
| | | [৩.৫] বহমখী পাটপণ্যের উদ্যোক্তা নিবন্ধন | [৩.৫.১] নিবন্ধিত উদ্যোক্তার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | | ৮০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১১০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় হিসাবে নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৪ | ৬ | ২০২৩

নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার

তারিখ

১৪/০৬/২০২৩

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | SIP | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| ২ | আরএমবি | র-মেটিরিয়াল ব্যাংক (কাঁচামাল ব্যাংক) |
| ৩ | জেইএসসি | জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার |
| ৪ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৫ | বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট |
| ৬ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস করপোরেশন |
| ৭ | বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার এ্যাসোসিয়েশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | [১.১.১] আয়োজিত মেলা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | মেলার নোটিশ ও মেলার প্রতিবেদন |
| [১.২] বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত মেলা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | মেলার নোটিশ ও মেলার প্রতিবেদন |
| [১.৩] আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের প্রস্তুতি বিষয়ক ওয়ার্কশপ | [১.৩.১] আয়োজিত কর্মশালা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | কর্মশালার নোটিশ ও প্রতিবেদন |
| [১.৪] বহুমুখী পাটপণ্যের মূল্য নির্ধারণ বিষয়ক ওয়ার্কশপ | [১.৪.১] আয়োজিত কর্মশালা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | কর্মশালার নোটিশ ও প্রতিবেদন |
| [১.৫] ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | [১.৫.১] আয়োজিত কর্মশালা | ডিজাইন ও ফ্যাশন বিভাগ | কর্মশালার নোটিশ, হাজিরা ও প্রতিবেদন |
| [১.৬] কাঁচামাল সরবরাহ | [১.৬.১] সরবরাহকৃত কাঁচামাল | পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিভাগ | কাঁচামাল বিক্রয়ের প্রতিবেদন |
| [২.১] সচেতনতা মূলক/উদ্ধুদ্ধকরণ কর্মশালা | [২.১.১] আয়োজিত কর্মশালা | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | কর্মশালার নোটিশ, হাজিরা |
| [২.২] ক্রেতা-বিক্রেতা সম্মেলন | [২.২.১] আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | সম্মেলনের নোটিশ ও হাজিরা |
| [২.৩] উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | [২.৩.১] আয়োজিত মতবিনিমিয় | পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিভাগ | মতবিনিময় সভার নোটিশ ও হাজিরা |
| [২.৪] উদ্যোক্তাদের মূলধন সংগ্রহ বিষয়ক অংশীজন সভা | [২.৪.১] আয়োজিত সভা | পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিভাগ | সভার নোটিশ ও প্রতিবেদন |
| [২.৫] বহুমুখী পাটপণ্যের প্রযুক্তি সরবরাহ বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা | [২.৫.১] আয়োজিত প্রশিক্ষণ/কর্মশালা | প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ বিভাগ | সভার নোটিশ ও প্রতিবেদন |
| [২.৬] জুট জিও-টেক্সটাইলের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা কর্মশালা | [২.৬.১] আয়োজিত কর্মশালা | পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিভাগ | কর্মশালার নোটিশ ও হাজিরা |
| [২.৭] উদ্যোক্তাদের অ্যাওয়ার্ড/সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজন | [২.৭.১] প্রদত্ত সম্মাননা | পরিবীক্ষণ ও বাস্তবায়ন বিভাগ | আমন্ত্রন পত্র ও প্রতিবেদন |
| [৩.১] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [৩.১.১] আয়োজিত প্রশিক্ষণ | প্রযুক্তি, গবেষণা ও প্রশিক্ষণ বিভাগ | প্রশিক্ষণার্থীদের হাজিরা |
| [৩.২] পণ্যের গুনগতমান উন্নয়ন প্রশিক্ষণ | [৩.২.১] আয়োজিত প্রশিক্ষণ | প্রযুক্তি, গবেষণা ও প্রশিক্ষণ বিভাগ | প্রশিক্ষণার্থীদের হাজিরা |
| [৩.৩] ই-মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | [৩.৩.১] আয়োজিত প্রশিক্ষণ | প্রযুক্তি, গবেষণা ও প্রশিক্ষণ বিভাগ | প্রশিক্ষণার্থীদের হাজিরা |
| [৩.৪] এক্সপোর্ট ডকুমেনটেশন বিষয়ক প্রশিক্ষণ/ওয়ার্কশপ | [৩.৪.১] আয়োজিত প্রশিক্ষণ/ওয়ার্কশপ | বাজার গবেষণা ও উন্নয়ন বিভাগ | কর্মশালার নোটিশ ও প্রতিবেদন |
| [৩.৫] বহমখী পাটপণ্যের উদ্যোক্তা নিবন্ধন | [৩.৫.১] নিবন্ধিত উদ্যোক্তার সংখ্যা | উদ্যোক্তা নিবন্ধন শাখা | উদ্যোক্তা নিবন্ধনের সনদ শাখা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | আয়োজিত মেলা | রপ্তানি উন্নয়ন ব্যুরো | উক্ত প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে মেলা আয়োজন করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সাথে চুক্তি রয়েছে। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ